Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

Unit-1, Distance Education

প্রশ্ন:) দূরাগত শিক্ষা বলতে কী বোঝ? এই শিক্ষার বৈশিষ্ট্যগুলো কী কী? এই শিক্ষার প্রয়োজনীয়তা কতখানি এবং বর্তমানে এই শিক্ষার সমস্যাগুলো আলোচনা করো।

উত্তর:) ★★ **দূরাগত শিক্ষা(Distance Education):—**

এমন কিছু শিক্ষার্থী আছে যারা স্কুলে স্বশরীরে উপস্থিত হতে পারে না। এরা সাধারণত বিভিন্ন পত্রযোগে কিংবা অন্য কোনো মাধ্যমের সহায়তায় স্কুলের সাথে যোগাযোগ স্থাপন করে শিক্ষালাভ করে।

অর্থ্যাৎ, যে শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীরা শিক্ষকদের সরাসরি যে সান্নিধ্য ছাড়াই বিভিন্ন ধরনের কার্যক্রম ডাকযোগে কিংবা অন্য কোন যোগাযোগ বা বিভিন্ন গনমাধ্যমের সহায়তায় শিক্ষা গ্রহণ করে তাকেই দূরাগত শিক্ষা বলে।

‘দূরাগত’ কথাটির স্বন্ধি করলে হয় দূর+আগত। অর্থ্যাৎ দূরস্থান থেকে যে শিক্ষা এসেছে বা সম্প্রচারিত হয় বা হচ্ছে তাকে দূরাগত শিক্ষা বলে। এককথায় দূর থেকে যে শিক্ষা তাই দূরাগত শিক্ষা।

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

বর্তমান জটিল সমাজে মানুষ নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত শিক্ষা থেকে বেরিয়ে এসে যে শিক্ষাগ্রহণে উৎসাহ প্রকাশ করছে তাই হল প্রথামুন্ত শিক্ষা। প্রথামুক্ত শিক্ষার প্রধানতম মাধ্যম হল- (i) দূরাগত শিক্ষা (Distance Education), (ii) মুক্ত শিক্ষা (Open Education),(iii) পত্রযোগে শিক্ষা (Correspondence Education)। দূরাগত শিক্ষা সম্পর্কে নীচে বিস্তারিত আলোচনা করা হল—

দূরাগত শিক্ষা বলতে শিক্ষক ও শিক্ষার্থীর ব্যক্তিগত সান্নিধ্য ছাড়াই যে শিক্ষাব্যবস্থা বিভিন্ন ধরনের কার্যক্রমের মাধ্যমে অগণিত শিক্ষার্থীকে বহুবিধ মাধ্যম ব্যবহারের মধ্য দিয়ে যে শিক্ষা দান করে, তাকেই দূরশিক্ষা বা Distance Education বলে।

দূরশিক্ষা সম্পর্কে বিভিন্ন শিক্ষাবিদ বিভিন্ন সংজ্ঞা উপস্থাপন করেছেন।

*১)শিক্ষাবিদ **Keegan** বলেছেন,– "Distance education describes those forms of education in which teacher and learner carry out their essential tasks apart from one another."*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.

SACT, Dept. Of Education, Narajole Raj College

২)অধ্যাপক **ochor** বলেছেন,— দূরশিক্ষণ হল এমন একটি শিক্ষন ব্যবস্থা যেখানে প্রচলিত এবং নব আবিষ্কৃত সবধরনের শিখন মাধ্যমকে ব্যবহার করে শিক্ষণের দ্বারা একটি বড়ো এলাকায় শিক্ষার্থীদের মুখোমুখি শিক্ষা দেওয়ার বদলে নতুন ভাবে শিক্ষন দেওয়ার ব্যবস্থা।

৩)**A. wodeneyer**- এর মতে,–এই দূরশিক্ষা ব্যবস্থা নানা রকম শিক্ষাদান পদ্ধতির একটি, যেখানে শিক্ষার্থী স্বাধীনভাবে। তার নিজের পড়াশোনা করতে পারে এবং এর জন্য তাকে শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত যেতে হয় না।

৪)**Dhoman**- র মতে,— দূরশিক্ষা হল এক ধরনের আত্মশিখন। এখানে ছাত্রছাত্রীদের পরামর্শদান, শিক্ষণীয় বিষয়বস্তু উপস্থাপন এবং তাদের কৃতিত্ব পরিমাপ করেন একদল শিক্ষক, যারা নির্দিষ্ট দায়িত্ব পালন করেন।

৫)অধ্যাপক **হোলমবার্গ (Holmberg)** বলেছেন,–শিক্ষকের দ্বারা শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের তত্ত্বাবধান ব্যতীত সকল স্তরের নানা প্রকৃতির পঠনপাঠন পর্যায়ক্রমে এবং তাৎক্ষণিকভাবে ব্যবস্থা করা, যেখানে কোনো প্রশিক্ষাকেন্দ্র থেকে পরিকল্পনা, নির্দেশনা এবং প্রশিক্ষণ নেওয়ার সুযোগ থাকে, তাকে দূরাগত শিক্ষা বলে।

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.

SACT, Dept. Of Education, Narajole Raj College

*৬)শিক্ষাবিদ **ডেভিড বাটন** বলেছেন,–দূরাগত শিক্ষা হল এমন এক ধরনের শিক্ষা যেখানে শিক্ষার্থীদের নিজস্বতা ও নমনীয়তার সুযোগ দেওয়া হয় এবং তারা স্বাধীনভাবে নিজের ইচ্ছা অনুযায়ী পঠনপাঠনের মাধ্যমে নিজেদের শিক্ষিত করে তুলতে পারে।*

★★দূরশিক্ষার বৈশিষ্ট্য (Characteristics of Distance Education) :

দূরশিক্ষার বৈশিষ্ট্যগুলি নিম্নে উল্লেখ করা হল–

***(i) শিক্ষক ও শিক্ষার্থীর অবস্থান মুখোমুখি নয়:** সমগ্র শিক্ষন প্রক্রিয়ায় শিক্ষক ও শিক্ষার্থীর পরস্পরের কাছ থেকে অনেক দূরে অবস্থান করে, ফলে সরাসরি অর্থাৎ মুখোমুখি কোনো সম্পর্ক থাকে না।*

***(ii) স্বল্প ব্যয়:** এটি মূলত শিল্প উৎপাদনমূলক শিক্ষাব্যবস্থা, যা শ্রমবিভাগ ও স্বল্প ব্যয়ের নীতির ওপর নির্ভরশীল।*

***(iii) স্বয়ংশিখন প্রক্রিয়া:** এই শিক্ষায় শিক্ষার্থীরা নিজে নিজের প্রচেষ্টায় শিখতে পারে। অর্থ্যাৎ এটি আত্মনিয়ণ মূলক শিক্ষাব্যবস্থা।*

*(iv) **দ্বিমুখী শিখন:** শিখনের উৎস ও শিক্ষার্থীর মধ্যে দ্বিমুখী প্রতিক্রিয়া ও যোগাযোগ গড়ে তোলে।*

*(v) **জীবনকেন্দ্রিক শিক্ষা:** যেকোনো সময়ে মানুষ এই শিক্ষা লাভের সুযোগ লাভ করতে পারে। তাই দূরাগত শিক্ষা হল জীবনকেন্দ্রিক শিক্ষা।*

*(vi) **আংশিক সময়ের শিক্ষা:** দূরাগত শিক্ষার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল এই শিক্ষা হয়ে থাকে আংশিক সময়ের জন্য, ফলে সমগ্র শিখন হয় না।*

*(vii) **ভিন্ন সক্ষমতাদের সুযোগ:** একই সঙ্গে দক্ষ, অদক্ষ, সুবিধাভোগী প্রভৃতি ব্যক্তিরা বিভিন্ন কর্মক্ষেত্রের সঙ্গে যুক্ত, তারা তাদের চাহিদামতো বিষয়বস্তুর শিক্ষাগ্রহণ করে।*

*(viii) **চাহিদা অনুযায়ী:** শিক্ষার্থী তার নিজের গ্রহণ ক্ষমতা বা চাহিদার ভিত্তিতে যে- কোনো বিষয়ে শিক্ষা গ্রহণ করতে পারে।*

*(ix) **নমনীয়:**এই শিক্ষা নিয়ন্ত্রিত শিক্ষার চেয়ে অনেক নমনীয়, কারণ এখানে ভরতির জন্য শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন হয় না আবার তারা যেকোনো সময়ে শিক্ষা লাভের সুযোগ পেয়ে থাকে।*

*(x) **মৌখিক নির্দেশ:** এই শিক্ষায় মৌখিক নির্দেশ দানের মাধ্যমে শিক্ষার্থীরা শিক্ষা লাভ করে, ফলে তাদের পঠনপাঠনের বিষয়ে পরিষ্কার ধারণা হয় না।*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

★★দূরশিক্ষার প্রয়োজনীয়তা (Importance of Distance Education):

দূরশিক্ষার প্রয়োজনীয়তা বহুদূর পর্যন্ত বিস্তৃত। এটি ভৌগোলিক সীমানা অতিক্রম করে বহু দূর-দূরান্তের শিক্ষার্থীদের কাছে পৌছে যাওয়ার ফলে শিক্ষার্থীরা খুবই উপকৃত হচ্ছে। তাই এই শিক্ষাকে অবহেলা করা যায় না। এর প্রয়োজনীয়তা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। নিম্নে তা উল্লেখ করা হল—

(1) শিক্ষার সুযোগ বৃদ্ধি:*যে সমস্ত শিক্ষার্থী নানা কারণে পড়াশোনা না করে বিভিন্ন কাজে যুক্ত হয়েছে তাদের মধ্যে শিক্ষালাভ যে সুপ্ত বাসনা রয়েছে তা পূরণ করার সুযোগ করে দিয়েছে এই দূরশিক্ষা ব্যবস্থা।*

(2) যোগাযোগহীন অঞ্চলে বসবাস:*যে সকল শিক্ষার্থী শহরাঞ্চল থেকে অনেক দূরে অর্থাৎ , যোগাযোগহীন অঞ্চলে। বসবাস করে তারা অনেকেই উচ্চশিক্ষা থেকে বঞ্চিত। দূরশিক্ষা আয়োজনের ফলে সেই বাধা দূরীভূত হয়েছে এবং তাদের কাছে এই শিক্ষা অত্যন্ত আকর্ষণীয়।*

(3) দুর্বল শ্রেণির কাছে আকর্ষণীয়:*সমাজের যে সকল শিক্ষার্থী দুর্বল তাদের কাছে এই শিক্ষাব্যবস্থা খুবই আকর্ষণীয়। কারণ এই শিক্ষার ক্ষেত্রে অর্থের অনেক সাশ্রয় হয়।*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

(4) প্রতিবন্ধীদের ক্ষেত্রে কার্যকরী: *প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে এই দূরশিক্ষা খুবই কার্যকরি। কারণ নিয়ন্ত্রিত শিক্ষার ক্ষেত্রে অনেক বাধা, কিন্তু এখানে নিয়মকানুন শিথিল হওয়ায় শিক্ষার্থী সমস্ত সুযোগ গ্রহণ করতে পারছে।*

(5) অসমাপ্ত শিক্ষার্থীর সুযোগ: *যে সকল শিক্ষার্থী শিক্ষা অসমাপ্ত করে বিভিন্ন কাজে যুক্ত কিন্তু পুনরায় শিক্ষা গ্রহণের ইচ্ছা আছে, তাদের ক্ষেত্রে এই দুরশিক্ষা বিশেষ সুযোগ করে দিয়েছে। এই দূরশিক্ষার মধ্য দিয়ে সে সুপ্ত ইচ্ছা পূরণ লাতে পারে।*

(6) বিশ্ববিদ্যালয়গুলিতে আসন সংখ্যা সীমিত: *শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অনেক শিক্ষার্থীর যোগ্যতা থাকলেও বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত হওয়ার ফলে তারা বঞ্চিত হয়। কিন্তু এই দুর শিক্ষার মধ্য দিয়ে তারা তাদের ইচ্ছে পূরণ।*

(7) জ্ঞান পিপাসুদের সুযোগ বৃদ্ধি:
অনেকসময় দেখা যায় অবসরপ্রাপ্ত জ্ঞানপিপাসু ব্যক্তি পুনঃবায় শিক্ষা গ্রহণ করতে চায়। তাদের ক্ষেত্রে এই বয়সে নিয়ন্ত্রিত শিক্ষার দ্বারা শিক্ষা গ্রহণ সম্ভব নয়। তাই এসব ব্যক্তিদের ক্ষেত্রে দূরশিক্ষা বিশেষ সুযোগ করে দেয়।

(8) কর্মক্ষেত্রে যুক্ত ব্যক্তিদের বিশেষ সুযোগ:*যে সকল ব্যক্তিবর্গ শারীরিক বা অন্যান্য কারণের জন্য শিক্ষা বন্ধ করে।*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

কর্মেনিযুক্ত হতে বাধ্য হয়েছে তারা শিক্ষা ও কাজের মধ্যে এক সমন্বয় ঘটিয়ে দূরশিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে।

★★দূরাগত শিক্ষার সীমাবদ্ধতা বা সমস্যা

বর্তমান শিক্ষাব্যবস্থায় দূরাগত শিক্ষার উপযোগিতা বা সুবিধা থাকলেও এই শিক্ষার কিছু সীমাবদ্ধতা বা সমস্যা রয়েছে তা নীচে আলোচনা করা হল—.

(1) পরিকাঠামোগত সমস্যা: *দূরাগত শিক্ষার নিজস্ব কোনো প্রতিষ্ঠান না থাকায় কোনো নির্দিষ্ট অঞ্চলের। মহাবিদ্যালয় বা বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামোকে কাজে লাগিয়ে পঠনপাঠন এবং পরীক্ষা গ্রহণ ইত্যাদি শিক্ষামূলক কার্য সম্পাদন করে, ফলে শিক্ষার্থীদের কাছে অনেক সময় নানান সমস্যা দেখা দেয়।*

(2) তথ্য সরবরাহের সমস্যা: *এই শিক্ষাব্যবস্থায় শ্রেণি-শিক্ষণের কোনো ব্যবস্থা থাকে না বলে। শিক্ষার্থীদের পঠনপাঠনের বিষয়বস্তু ও তথ্য পেতে অনেক অসুবিধা হয়।*

(3) নিয়ন্ত্রণজনিত সমস্যা:*দূরাগত শিক্ষার অন্যতম একটি সমস্যা হল নিয়ন্ত্রণজনিত সমস্যা। শিক্ষার্থীদের পঠনপাঠন, পরীক্ষা ইত্যাদিতে বিশেষ নিয়ন্ত্রণ থাকে না। ফলে শিক্ষার্থীরা অনেক সময় । নানান সমস্যার সম্মুখীন হয়ে থাকে।*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

(4) ব্যাবহারিক শিক্ষার অভাব: *এই শিক্ষাব্যবস্থায় ব্যাবহারিক শিক্ষার বিশেষ সুযোগ নেই। ফলে শিক্ষার্থীর হাতেকলমে শিক্ষালাভের সুযোগ পায় না।*

(5) শিক্ষক-শিক্ষার্থীর প্রত্যক্ষ সম্পর্কের অভাব:*এই শিক্ষায় যেহেতু শ্রেণি - শিক্ষণের বিশেষ কোনো ব্যবস্থা নেই , তাই এখানে শিক্ষক - শিক্ষার্থীর প্রত্যক্ষ সম্পর্ক তৈরি হয় না। ফলে শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় সমস্যাগুলি সমাধান করতে পারে না।*

(6) ডাকবিভাগের সঙ্গে সমন্বয়জনিত সমস্যা:*দূরাগত শিক্ষায় শিক্ষার্থীদের পঠনপাঠনের বিষয়বস্তু ডাকযোগে পাঠানো হয়। কিন্তু ডাকবিভাগের সঙ্গে দূরাগত শিক্ষার কর্মপরিচালকদের যথাযথ সমন্বয় না থাকার ফলে শিক্ষার্থীরা অনেক সময় পঠনপাঠনের বিষয়বস্তু পায় না, ফলে তাদের খুব অসুবিধায় পড়তে হয়।*

(7) সম্পাদক ও লেখক নির্বাচনে সমস্যা: *দুরাগত শিক্ষার একটি সমস্যা হল সম্পাদক ও উপযুক্ত লেখক নির্বাচন। কারণ উপযুক্ত সম্পাদক ও লেখক নির্বাচন করতে না পারলে সফলভাবে পাঠ্য বিষয়বস্তু প্রস্তুতকার ক্ষেত্রে নানান সমস্যা দেখা দেয়।*

(8) গণমাধ্যমজনিত সমস্যা: *গণমাধ্যমের সাহায্যে দূরাগত শিক্ষা*

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

পরিচালিত হয়ে থাকে, কিন্তু দূরাগত শিক্ষায় বিপুল শিক্ষার্থী এবং বিস্তৃত ক্ষেত্রে হওয়ায় অনেক সময় গণমাধ্যমের সাহায্যে প্রয়োজনীয় তথ্য ও বিষয়বস্তু শিক্ষাথীদের কাছে যথাসময়ে পৌছোয় না, ফলে শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হয়।

(9)বিভিন্ন ভাষায় অনুবাদের সমস্যা: *দূরাগত শিক্ষা সমগ্র দেশের বিভিন্ন অলের মানুষ গ্রহণ করে, ফলে তাদের শিক্ষার বিষয়বস্তু বিভিন্ন আঞ্চলিক ভাষায় অনুবাদ করা অনেক সময় সম্ভব হয় না। ফলে শিক্ষার্থীরা ভাষাগত সমস্যায় পড়ে।*

(10)গ্রহণযোগ্যতার সমস্যা: *দূরাগত শিক্ষার একটি অন্যতম সমস্যা হল এই শিক্ষার গ্রহণযোগ্যতা। সমাজে এই শিক্ষার গুণগত মান সম্পর্কে অনেক মানুষের মধ্যে দ্বিধা ও দ্বন্দ্ব রয়েছে। ফলে এখনও জনমানসে সম্পূর্ণ গ্রহণযোগ্যতা অর্জন করতে পারেনি।*

সুতরাং, ওপরের আলোচনা থেকে বলা যায় যে, দূরাগত শিক্ষা হল প্রথামুক্ত শিক্ষার এমন একটি মাধ্যম যা নিয়ন্ত্রিত শিক্ষার সহায়ক হিসেবে কাজ করে। এই শিক্ষার যে সকল সমস্যা রয়েছে তা দূর করতে পারলে বর্তমান সমাজব্যবস্থায় এর গুরুত্ব আরও বৃদ্ধি পাবে। ভবিষ্যতে এমন একদিন আসবে যেদিন দূরাগত শিক্ষাই হবে মানুষের শিক্ষা লাভের একমাত্র পথ।

Compiled and Circulated by Prof. Sk Mosibul Ali.
SACT, Dept. Of Education, Narajole Raj College

REFERENCE

Prof. Kajol Kr. Bag

Prof. Nimai chand Ghorai